গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১০.২২- ১৫৮৮

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

বিষয়: ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কারযোগ্য তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা গত ১৮/০৭/২০২১ তারিখে জারী করা হয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের ক্ষেত্রে সর্বোচ্চ ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার মধ্যে চাহিদা নিরূপণ করতে হবে। এর থেকে বেশি অর্থের প্রয়োজন হলে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হয়। ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী মেরামত/সংস্কারযোগ্য যে কোন ইউনিয়নে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রাক্কলন প্রয়োজন।

০২। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কারের লক্ষ্যে নীতিমালা অনুযায়ী ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকার মধ্যে সমাপন উপযোগী কাজ থাকলে উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র প্রাক্কলনসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | ইউনিয়ন পরিষদ নির্মাণের সন | ইতোপূর্বে সরকারি অর্থ দ্বারা মেরামত করা হয়ে থাকলে মেরামতের সন ও অর্থের পরিমাণ | মেরামতযোগ্য হলে উপজেলা প্রকৌশলী,এলজিইডি'র প্রাক্কলন অনুযায়ী বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |

১৬/০৭/২০২৬
মো: আব্দুর রহমান
উপসচিব
ফোন:৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)
---------------জেলা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), সকল উপজেলা।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে সদয় অবগতির অনুরোধসহ)।
১০. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ অধিশাখা) মহোদয়কে সদয় অবগতির অনুরোধসহ)।
১১. অফিস কপি।

E:\All Documents\Union Parishad-2\General\Note & Letter\Letter-76